

সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬০৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অটুহাসি সম্পর্কিত হাদীস এবং তার ক্রটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعَلَيْهَا

আরবী

حَدَّثَنَا بِهِ أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ يَحْيَى ، نَا أَبُو النُّعْمَانِ ، نَا حَمَادُ بْنُ زَيْدٍ ،
عَنْ حَفْصِ بْنِ سُلَيْمَانَ ، عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ : " أَنَّ النَّبِيَّ -
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - كَانَ يُصَلِّي بِأَصْحَابِهِ ، فَجَاءَ رَجُلٌ فَوَقَعَ عَلَى بَطْنٍ ، فَضَحِكَ
بَعْضُ الْقَوْمِ ، فَأَمَرَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مَنْ ضَحِكَ أَنْ يُعِيدَ الْوُضُوءَ
، وَأَنْ يُعِيدَ الصَّلَاةَ " . وَرَوَى هَذَا الْحَدِيثَ هِشَامُ بْنُ حَسَّانَ ، عَنْ حَفْصَةَ ، عَنْ أَبِي
الْعَالِيَةِ مُرْسَلًا . حَدَّثَ بِهِ عَنْهُ جَمَاعَةٌ مِنْهُمْ : سُفْيَانُ الثَّوْرِيُّ ، وَزَائِدَةُ بْنُ قُدَامَةَ ،
وَيَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ ، وَحَفْصُ بْنُ غِيَاثٍ ، وَرَوْحُ بْنُ عُبَادَةَ ، وَعَبْدُ الْوَهَّابِ بْنُ
عَطَاءٍ ، وَغَيْرُهُمْ ، فَاتَّفَقُوا : عَنْ هِشَامٍ ، عَنْ حَفْصَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ ، عَنْ النَّبِيِّ -
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ -
وَرَوَاهُ خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ الْوَاسِطِيُّ ، عَنْ هِشَامٍ ، عَنْ حَفْصَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ ، عَنْ
رَجُلٍ مِنَ الْأَنْصَارِ ، عَنْ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَلَمْ يُسَمِّ الرَّجُلَ ، وَلَا ذَكَرَ :
أَلَّهُ صُحْبَةً أَمْ لَا ؟ وَلَمْ يَصْنَعْ خَالِدٌ شَيْئًا ، وَقَدْ خَالَفَهُ خَمْسَةُ أَثْبَاتٍ ثِقَاتٍ حُقَاقٍ ،
وَقَوْلُهُمْ أَوْلَى بِالصَّوَابِ

বাংলা

৬০৮(৩২). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আবুল আলিয়া (রহঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের নিয়ে নামায পড়ছিলেন। তখন এক ব্যক্তি এসে একটি কুপে পড়ে গেল। তাতে কিছু লোক (নামাযের মধ্যে) হাসলো। যারা হেসেছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে পুনরায় উষু করার এবং নামায পড়ার নির্দেশ দিলেন।

এই হাদীস হিশাম ইবনে হাসসান (রহঃ) হাফসা-আবুল আলিয়া (রহঃ) সূত্রে মুরসালরূপে বর্ণনা করেছেন। তার থেকে একদল মুহাদ্দিস এই হাদীস বর্ণনা করেছেন। সুফিয়ান আস-সাওরী, যায়েদা ইবনে কুদামা, ইয়াহইয়া ইবনে সাঈদ আল-কাত্তান, হাফসা ইবনে গিয়াছ, রাওহ ইবনে উবাদা, আবদুল ওয়াহহাব ইবনে আতা (রহঃ) প্রমুখ তাদের অন্তর্ভুক্ত। তারা হিশাম-হাফসা-আবুল আলিয়া-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণনার ব্যাপারে একমত। এই হাদীস খালিদ ইবনে আবদুল্লাহ আল-ওয়াসিতী (রহঃ) হিশাম-হাফসা-আবুল আলিয়া-আনসার সম্প্রদায়ভুক্ত এক ব্যক্তি-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণনা করেছেন। তিনি আনসার ব্যক্তির নাম উল্লেখ করেননি এবং তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী কিনা তাও উল্লেখ করেননি। খালিদ (রহঃ) নিজস্বভাবে কিছু রচনা করেননি। পাঁচজন নির্ভরযোগ্য (সিকাহ) হাফেজ তার বিরোধিতা করেছেন এবং তাদের বক্তব্যমতে প্রথমটিই যথার্থ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবুল আলীয়া (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80397>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন